



আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।
ফোন: ৯৮৩৫৬৬১, ৮৭১১০৫৫ ফ্যাক্স: ৯৮৩৩৫৬২
www.ispr.gov.bd
সংবাদ বিজ্ঞপ্তি



নং ২৩.১৬.০০০০.০০৯.২৩.০০৩.২৩

তারিখ: ১০-০৪-২০২৩

বাংলাদেশ বিমান বাহিনী মহিলা কল্যাণ সমিতি (বাফওয়া, BAFWWA) কর্তৃক ঈদ উপহার ও ইফতার সামগ্রী বিতরণ

ঢাকা, ১০ এপ্রিল ২০২৩ঃ বাংলাদেশ বিমান বাহিনী মহিলা কল্যাণ সমিতি (বাফওয়া) কর্তৃক সেবামূলক কার্যক্রমের আওতায় কেন্দ্রীয় পরিষদের সম্মানিত সভানেত্রী তাহমিদা হান্নানের দিক নির্দেশনায় ১০ এপ্রিল ২০২৩ তারিখে ঢাকার উত্তরায় অবস্থিত 'আপন নিবাস বৃদ্ধাশ্রম' এবং 'আপন ভূবন বৃদ্ধাশ্রম' এ ১১৪ জন প্রিয় স্বজনের ভালবাসা ও যত্ন বঞ্চিত বৃদ্ধাদের মাঝে ঈদ উপহার ও ইফতার সামগ্রী বিতরণ করা হয়।

বর্তমান সরকার নারীদের সামাজিক নিরাপত্তাকে বিশেষ গুরুত্ব দিয়ে বিধবা ভাতা, বয়স্ক ভাতাসহ বিভিন্ন সমাজ কল্যাণমূলক পদক্ষেপ গ্রহণ করেছে। সরকারের এ সকল উদ্যোগের সাথে একাত্মতা ঘোষণা করে বাফওয়া প্রথমবারের মতো বৃদ্ধাশ্রমে উপহার ও ইফতার বিতরণের কর্মসূচী গ্রহণ করে।

এই অনুষ্ঠানে বাফওয়া সভানেত্রী তাহমিদা হান্নানসহ বাফওয়া কেন্দ্রীয় পরিষদের সহ-সভানেত্রীবৃন্দ উপস্থিত ছিলেন। দিবসের অন্যান্য কার্যক্রমের মধ্যে ছিল বাফওয়া সংশ্লিষ্ট কর্মচারীদের মধ্যে ঈদ উপহার বিতরণ।

স্বাক্ষরিত/-

আয়শা ছিদ্দিকা

সহঃ তথ্য অফিসার

পরিচালকের পক্ষে

মোবাঃ ০১৭৬৯০১৭১৯৭